বিশেষ অনুশীলন-০১
শ্রেণি : সপ্তম
বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড
১১১

সময় : ৩০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[দ্রষ্টব্য : বহুনির্বাচনি অভীক্ষার প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীত প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্ত সমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটিতে (✓) টিক চিহ্ন দাও।]

১। ইসলামের সর্বপ্রথম বিষয় কোনটি ?
ক) তাওহিদ খ) সালাত গ) আকাইদ ঘ) আখিরাত

২। শ্রেয়নীতির অনুসরণ কে বলা হয় –
ক) আকাইদ খ) আখলাক গ) ইমান ঘ) নৈতিকতা

৩। যে ব্যক্তি কুফরে লিপ্ত হয়, তাকে কী বলা হয় ?
ক) শিরক খ) নিফাক গ) কাফির ঘ) মুশরিক

৪। তাওহিদ এর বিপরীত কাজ কোনটি ?
ক) ইমান খ) শিরক গ) কুফর ঘ) নিফাক

৫। মিনার আল্লাহর সাথে শিরক করে। শিরককে গণ্য করা হয় –
i, জঘন্য অপরাধ হিসেবে ii, নেতার আনুগত্য হিসেবে iii, যুলুম হিসেবে
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬। জানাযার সালাত আদায় করা কী ?
ক) ফরজ খ) ওয়াজিব গ) সুন্নাত ঘ) ফরজে কিফায়া

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :-
'ক' সাহেব রমজান মাসব্যাপী তারাবিহের সালাত আদায় করেন এবং আল্লাহর নিকট কান্নাকাটি করেন।

৭। 'ক' সাহেব এর আদায়কৃত সালাত কত রাকাত ?
ক) ৮ রাকাত খ) ১২ রাকাত গ) ২০ রাকাত ঘ) ২৬ রাকাত

৮। উক্ত সালাত আদায়ের উদ্দেশ্য –
i, পাপ থেকে মুক্তি ii, আল্লাহর সন্তুষ্টি iii, মানুষের কল্যাণের
নিচের কোনটি সঠিক ?
ক) i খ) i ও iii গ) i ও ii ঘ) i, ii ও iii

৯। কোন দিন কিয়ামত সংঘটিত হবে ?
ক) কদরের দিন খ) জুমুআর দিন গ) বৃহস্পতিবার ঘ) শবে বরাতের দিন

১০। তাহাজ্জুতের সালাত আদায় করার কথা কোথায় উল্লেখ আছে –
ক) হাদিসে খ) আল কুরআনে গ) কিয়াসে ঘ) ইজমাতে

১১। প্রতিটি কাজ ইসলামি বিধি-বিধান মোতাবেক সম্পন্ন করা কী?
ক) সুন্নাত খ) নফল গ) মুস্তাহাব ঘ) ইবাদত

১২। "তোমরা রুকুকারীদের সাথে রুকু কর", এ আয়াত দ্বারা কীসের গুরুত্ব বোঝানো হয়েছে-
ক) সালাতের খ) জামাআতে সালাত আদায়ের গ) মসজিদের ঘ) ইমামের

১৩। হাদিসের ভাষ্য অনুযায়ী ইমামকে সংশোধনের উপায় হলো —
ক) আলহামদুলিল্লাহ খ) আল্লাহু আকবর গ) সুবহানাল্লাহ ঘ) চুপ থাকা

১৪। জামাআতে সালাত আদায় শিক্ষা দেয় -
i, আনুগত্য ii, নৈতিকতা iii, শৃংখলাবোধ
নিচের কোনটি সঠিক?
ক) i ও iii খ) i ও ii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫। জুমুআর সালাতে আযান দিতে হয় -
ক) ১ বার খ) ২ বার গ) ৩ বার ঘ) ৪ বার

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :-
হিরন সাহেব ঢাকা থেকে কুয়াকাটা যাওয়ার পথে আসরের ওয়াক্তে সম… বাস থেকে নেমে পথে দু'রাকাত নামাজ আদায় করলেন।

১৬। হিরন সাহেব এর আদায়কৃত নামাজকে বলা হয় —
ক) ইশরাক খ) মাসবুক গ) কসর ঘ) সুন্নাত

১৭। উক্ত নামাজ যে যে ওয়াক্তে আদায় করা যায়, তা হলো-
i, এশা ii মাগরিব iii, যোহর
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৮ "নিশ্চয়ই শিরক চরম জুলুম" - কোন সূরার অংশ?
ক) আশ শু'রা খ) লুকমান গ) আম্বিয়া ঘ) আন কাবুত

১৯। আল্লাহর নিকট বান্দার অনুগত্য ও বিনয় প্রকাশের সর্বশ্রেষ্ঠ মাধ্যম
ক) যিকির খ) উযু গ) তিলাওয়াত ঘ) সালাত

২০। জাহান্নামের উপর সিরাত স্থাপিত হবে - কোন কিতাবে আছে?
ক) বুখারী খ) মুসলিম গ) তিরমিযি ঘ) মুসনাদে আহমদ

২১। জন্ম হলে মৃত্যু অনিবার্য। এ প্রেক্ষিতে আল্লাহর হুকুম হলো -
i, পৃথিবী ধ্বংস হয়ে যাবে ii, মৃত্যুর পর পুনরুত্থান হবে iii, মানুষের ভাল মন্দের বিচার হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও iii খ) i ও ii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২। মাযরাআতুন শব্দের অর্থ কী?
ক) পরকাল খ) পরিমাপক গ) বিশ্বাস ঘ) শস্যক্ষেত্র

২৩। শিরক প্রধানত কত প্রকার?
ক) তিন প্রকার খ) চার প্রকার গ) দুই প্রকার ঘ) পাঁচ প্রকার

২৪। কুফর হচ্ছে অবিশ্বাস করা-
i, কিয়ামত ও তাকদির ii, আল্লাহর একত্ববাদ ও গুনাবলি iii পীরসাহেব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫। 'আমি জিন এবং মানুষকে কেবল আমার ইবাদতের জন্যই সৃষ্টি করেছি।' কোন সূরার অংশ?
ক) আন কাবুত খ) আয যারিয়াত গ) আম্বিয়া ঘ) বনি ইসরাইল

২৬। লা-ইলাহা ইল্লাল্লাহু দ্বারা কোনের ঘোষণা দেওয়া হয়-
i, তাওহিদের ii, রিসালাতের iii, আখিরাতের
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii গ) i ও iii ঘ) i, ii ও iii

২৭। ঈদের দিনের সুন্নত কত কয়টি?
ক) ৫টি খ) ৩টি গ) ৭টি ঘ) ৪টি

২৮। 'কুরবানির রক্ত মাটিতে পড়ার আগেই তা কবুল হয়ে যায়'; এ বানীটি কে বলেছেন?
ক) আল্লাহ খ) মহানবী(সা:) গ) আলেমগন ঘ) প্রবাদ

২৯। মি: কবির ফজর নামাজের সময় মসজিদে গিয়ে দেখেন ইমাম সাহেব শেষ বৈঠক বসছেন, তখন সে উক্ত বৈঠকে বসে জামাআতে অংশ গ্রহণ করেন। কবিরের সালাতটি কি বলে গন্য হবে?
ক) জামাআতে সালাত খ) মাসবুকের গ) সফরের ঘ) রুগ্ন ব্যক্তির

৩০। ঈদুল ফিতর এর ওয়াজিব কাজ কয়টি?
ক) তিনটি খ) দুইটি গ) সাতটি ঘ) পাঁচটি

= *** =

বিশেষ অনুশীলন-০৭
শ্রেণি : সপ্তম

বিষয় কোড
১১১

## সৃজনশীল অংশ

২। উদ্দীপকদ্বয় পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :- ১০×২=২০

১। শিল্পপতি মিটুন সাহেব এর কাজকর্মে মানুষ অতিষ্ঠ থাকেন, তিনি তার কর্মচারীদের সাথেও খারাপ ব্যবহার করেন। তার কর্মচারী জিলান উদ্দিন কে নামাজ পড়তে নিষেধ করে বলেন, নামাজ পড়ে কোন লাভ নেই, কাজ করে টাকা উপার্জন কর, তাহলেই সুখে থাকবে। কিন্তু জিলান উদ্দিন তার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করে আল্লাহর ভয়ে নিয়মিত নামাজ আদায় করেন।

ক) মিরাজ কী? ১
খ) ইসলামের সকল বিধি-বিধান তাওহিদের উপর প্রতিষ্ঠিত-একথাটি ব্যাখ্যা কর। ২
গ) নামাজের প্রতি শিল্পপতি মিটুন সাহেব এর মনোভাব কিসের শামিল? ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩
ঘ) জিলান উদ্দিন যে মূল বিশ্বাসের ফলে নামাজে দৃঢ় ও কর্মে সচেতন-তা বিশ্লেষণ কর। ৪

২। ক ও খ সপ্তম শ্রেণি পড়ে। 'ক' নিয়মিত সালাত আদায় করে। ইদানিং 'ক' প্রচণ্ড জ্বর ও মাথা ব্যথার কারণে সোজা হয়ে বসতে পারেনা। পক্ষান্তরে 'খ' রাতের শেষাংশে আল্লাহ নৈকট্য ও রহমত লাভের আশায় ঘুম ত্যাগ করে সালাত আদায় করে, যে সালাত ফরজ সালাতের পর সর্বশ্রেষ্ঠ সালাত।

ক) ইবাদত কী? ১
খ) সালাত আল্লাহর নিকট বান্দার আনুগত্য প্রকাশের সর্বশ্রেষ্ঠ মাধ্যম - একথাটি ব্যাখ্যা কর। ২
গ) 'ক' নামক ব্যক্তি কীভাবে সালাত আদায় করবে? ব্যাখ্যা কর। ৩
ঘ) 'খ' ব্যক্তির সালাতটি চিহ্নিত পূর্বক তার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

~ * ~ * ~